সংবাদ

তারিখ: 12 JUN 2016
পৃষ্ঠা: ২০ কলাম: ২

# শিক্ষক নিয়োগের দাবিতে মানববন্ধন

নিজস্ব বার্তা পরিবেশক, চাঁদপুর

প্যানেলভুক্ত শিক্ষক ও ঐক্য পরিষদের উদ্যোগে প্যানেলভুক্ত শিক্ষকদের নিয়োগ দেয়ার দাবিতে মানববন্ধন কর্মসূচি পালন করা হয়েছে। বৃহস্পতিবার সকাল সাড়ে ১১টায় চাঁদপুর শহরের চেয়ারম্যান ঘাটা এলাকায় জেলা প্রাথমিক শিক্ষা অফিসের সামনে প্যানেলভুক্ত শিক্ষকরা মানববন্ধন কর্মসূচি পালন করেন। সংগঠনের সভাপতি মো. আবদুল আউয়াল সাংবাদিকদের বলেন, ২০১২ সালে শিক্ষক নিয়োগের পর উপজেলা থেকে ইউনিয়নভিত্তিক প্যানেল করে ১০ হাজার শিক্ষক বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানে নিয়োগ দেয়া হয়। বাকি ২৮ হাজার ৬১১ জন শিক্ষককে কোন নিয়োগ দেয়া হয়নি। প্রধানমন্ত্রী শেখ হাসিনা রেজিস্ট্রিকৃত সব বিদ্যালয়কে সরকারি করেন। এরপরও বঞ্চিত শিক্ষকদের এখনও নিয়োগ দেয়া হয়নি। বঞ্চিত শিক্ষকরা উচ্চ আদালতে মামলা করে রায় পায়। এরপর তারা জেলা পর্যায়ে মাত্র ১০ জন শিক্ষককে নিয়োগ দেন। বাকি শিক্ষকদের নিয়োগের দাবিতে আমরা এ কর্মসূচি পালন করেছি। মানববন্ধনে উপস্থিত ছিলেন সংগঠনের সাধারণ সম্পাদক মো. শাহাজাহান, বঞ্চিত